



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

Phone & Fax: 0561-52064; Mobile: 01715024596; web: tgc.edu.bd; e-mail: thakurgaon_govt_college@yahoo.com

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে

ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১৩/০৮/২০১৭ খ্রি.

সংশ্লিষ্ট সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদন পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

ভর্তিযোগ্য বিষয় ও কোর্স

এমএ	:	বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
এমএসএস	:	অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান।
এমবিএস	:	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।
এমএসসি	:	উদ্ভিদবিজ্ঞান, গণিত।

আবেদন ফরম প্রাপ্তি ও জমাদান

আবেদন ফরম ডাউনলোড	:	১৬/০৮/১৭থেকে ২৬/০৮/১৭ খ্রি. পর্যন্ত।
আবেদন ফরম জমাদান	:	১৭/০৮/১৭ থেকে ২৬/০৮/১৭ খ্রি. পর্যন্ত ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময়ে কলেজের সাধারণ শাখায় জমা দিতে হবে।

আবেদনের সাধারণ যোগ্যতা

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে শুধুমাত্র চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।
খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোনো প্রার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোনো প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।


আবেদনকারীর জন্য করণীয়

- ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Masters Tab এর Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করে স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিয়ে সঠিকভাবে আবেদন ফরম পূরণ ও ডাউনলোড করতে হবে।
সেভকৃত ফরমটি কোনো তথ্য পরবর্তীতে সংশোধন বা বাতিল করা যাবে না বিধায় অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।
খ) ডাউনলোডকৃত আবেদন ফরমটি A4 (8.5"×11") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নির্ধারিত স্থানে প্রার্থীকে স্বাক্ষর করতে হবে ও ছবি সংযুক্ত করতে হবে।
গ) অতঃপর প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) শিওরক্যাশের মাধ্যমে পরিশোধ করতে হবে। টাকা জমা দেয়ার জন্য প্রথমে হিসাব শাখা থেকে ফরমটি এন্ট্রি করিয়ে নিতে হবে। টাকা দেওয়ার পর Transaction ID আবেদন ফরমের উপর লিখতে হবে। শিওরক্যাশে ফি পরিশোধের Keyword=TGCMIS.
ঘ) আবেদন ফরমের সঙ্গে স্নাতক (সম্মান) পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং বিশেষ কোটার প্রার্থী হলে তার প্রমানপত্রসহ সংযুক্ত করে আবেদনপত্র জমা প্রদান করতে হবে।

ক্লাস শুরুর তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ।

দৃষ্টব্য চূড়ান্ত ভর্তির সময়সূচি, ভর্তি ফি ও অন্যান্য তথ্যাবলী পরবর্তী সময়ে কলেজের ওয়েবসাইট (www.tgc.edu.bd) নোটিশের মাধ্যমে জানানো হবে।

প্রতিস্বাক্ষর




(প্রফেসর ড. মো. গোলাম কিবরিয়া মল্লা)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।

স্বাক্ষর



(প্রফেসর ভূপেন্দ্র চন্দ্র শীল)

বিভাগীয় প্রধান, ইংরেজি ও আহবায়ক

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স ভর্তি কমিটি

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।